গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

এবং

সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮–৩০ জুন, ২০১৯

# সূচিপত্র

**বিবরণ**

উপক্রমণিকা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমণিকা (Preamble)

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

এবং

সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের ৩ (তিন বছর) প্রধান অর্জনসমূহ :**

বিশ্বের ১৬৫ টি দেশে কর্মরত এক কোটির অধিক বাংলাদেশি কর্মী এবং তাদের পরিবারের সদস্যদের অর্থবহ ও টেকসই কল্যাণ নিশ্চিতকরণ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর অন্যতম প্রধান দায়িত্ব। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে (২০১৫-১৬ অর্থবছর হতে মার্চ, ২০১৭-১৮) পর্যন্ত সময়ে ১ লক্ষ ৩৪ হাজার ১৭৬ জন বিদেশগামী কর্মীকে সংশ্লিষ্ট দেশের আইন-কানুন, রীতিনীতি, ভাষা, অধিকার-কর্তব্য ইত্যাদি সম্পর্কে প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদান, কর্মীর ৭ হাজার ২১৯ জন মেধাবী সন্তানকে ৭ কোটি ৪০ লক্ষ ৪৯ হাজার টাকা শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। প্রবাসে মৃত্যুবরণকারী ৯ হাজার ৩৯২ জন কর্মীর মৃতদেহ দেশে আনয়ন এবং বিমানবন্দর হতে পরিবারের নিকট মৃতদেহ হস্তান্তরের সময় বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে ৮ হাজার ৫৫১ জন কর্মীর প্রতি পরিবারকে মৃতদেহ পরিবহন ও দাফন বাবদ ৩৫ হাজার টাকা করে মোট ২৯ কোটি ৯২ লক্ষ ৮৫ হাজার টাকা আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। প্রবাসে মৃত্যুবরণকারী ১২ হাজার ৪১০ জন কর্মীর প্রতি পরিবারকে ৩ লক্ষ টাকা করে মোট ৩৫৭ কোটি ১১ লক্ষ ৭৮ হাজার টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। বাংলাদেশ মিশনসমূহের শ্রম কল্যাণ উইংয়ের সহযোগিতায় প্রবাসে মৃত ২ হাজার ৮৫৫ জন কর্মীর অনুকূলে মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইন্স্যুরেন্স বাবদ আদায়কৃত ১৭৮ কোটি ২০ লক্ষ ৪৬ হাজার টাকা তাদের উত্তরাধিকারীদের মধ্যে বিতরণ করা হয়েছে। এ ছাড়াও প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ এবং অসুস্থ কর্মীদের পরিবহনের জন্য চট্টগ্রামস্থ শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে অ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর নিয়োগকর্তার নিকট হতে বকেয়া বেতন/ক্ষতিপূরণ/ইন্স্যুরেন্স/সার্ভিস বেনিফিট এর অর্থ দ্রুততম সময়ে আদায়, বিদেশগামী সকল কর্মীর ইন্স্যুরেন্স সুবিধা প্রদান, অনিবন্ধিত প্রবাসী কর্মী ও অনাবাসি বাংলাদেশিদের (ডায়সপোরা) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ডাটাবেইজে সদস্য হিসেবে অন্তর্ভূক্তকরণ এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম অটোমেশনের আওতায় আনয়ন।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

প্রবাসে মৃত কর্মীর নিয়োগকর্তার নিকট হতে বকেয়া বেতন/ক্ষতিপূরণ/ইন্স্যুরেন্স/সার্ভিস বেনিফিট বাবদ অর্থ আদায়ের জন্য স্থানীয় ভিত্তিতে ল' ফার্ম/আইন সহায়তাকারী নিয়োগ, প্রবাসী কল্যাণ ব্যাংকে পরিশোধিত মূলধন গঠনের মাধ্যমে বিদেশগামী ও বিদেশ ফেরত কর্মীদের পুনর্বাসনের লক্ষ্যে কর্মীদের স্বল্প সুদে ঋণ সুবিধা প্রদান এবং বিদেশগামী কর্মীদের বীমা সুবিধা প্রদানে বিশেষ পদক্ষেপ গ্রহণ।

**২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

- অনলাইনের মাধ্যমে শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ,
- প্রবাসবন্ধু কল সেন্টারের মাধ্যমে প্রবাসী কর্মী ও তার পরিবারের নিকট হতে প্রাপ্ত সমস্যা তাৎক্ষণিক সমাধানের উদ্যোগ গ্রহণ,
- অনিবন্ধিত প্রবাসী কর্মী এবং অনাবাসি বাংলাদেশিদের (ডায়াসপোরা) কল্যাণ সাধনে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ডাটাবেইজে সদস্য হিসেবে অন্তর্ভুক্তকরণ,
- ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম সম্পূর্ণভাবে অটোমেশনের আওতায় আনয়ন।

## সেকশন ১

### রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলি

**১.১ রূপকল্প :**

প্রবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের জন্য অর্থবহ ও টেকসই কল্যাণ নিশ্চিত করা ।

**১.২ অভিলক্ষ্য :**

প্রবাসী কর্মীদের আইনগত সহায়তাসহ সার্বিক কল্যাণ সাধন করা, প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর পরিবারের আর্থিক সহায়তাসহ জীবনমানের উন্নয়নে সহায়তা করা এবং বিদেশ প্রত্যাগত কর্মীদের পুনর্বাসনে সহায়তা করা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ :**

**১.৩.১ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কৌশলগত উদ্দেশ্যসমূহ :**

১. প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সহায়তা প্রদান;
২. প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের কল্যাণে দোরগোড়ায় সেবা প্রদান;
৩. প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা অর্জনে উৎসাহ প্রদানে সহায়তা করা;
৪. অনিবন্ধিত প্রবাসী কর্মী ও অনাবাসী বাংলাদেশিদের (ডায়াসপোরা) কল্যাণ সাধনে বোর্ডের ডাটাবেইজে সদস্য হিসেবে অন্তর্ভুক্তকরণ; এবং
৫. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম ডিজিটাইজেশন।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :**

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন; এবং
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

**১.৪ প্রধান কার্যাবলি :**

১. বিদেশগামী কর্মীদের সংশ্লিষ্ট দেশের বিভিন্ন বিষয় সম্পর্কে প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদান এবং বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে কর্মীদের নিরাপদে বিদেশ গমন ও প্রত্যাবর্তনে সহায়তা প্রদান;
২. প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন, মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ আর্থিক সাহায্য এবং মৃতের পরিবারকে আর্থিক অনুদান প্রদান;
৩. প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ইন্স্যুরেন্স/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট আদায় এবং আদায়কৃত অর্থ উত্তরাধিকারীদের মধ্যে বিতরণ;
৪. আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম হয়ে ফেরত আসা কর্মীদের চিকিৎসার্থে আর্থিক সহায়তা প্রদান;
৫. প্রবাসে কর্মরত কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের প্রবাসবন্ধু কল সেন্টারের মাধ্যমে সমস্যা সমাধানে তাৎক্ষণিক উদ্যোগ গ্রহণ;
৬. প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান ও শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা;
৭. অনিবন্ধিত প্রবাসী কর্মী ও অনাবাসি বাংলাদেশিদের (ডায়াসপোরা) কল্যাণ বোর্ডের সদস্যভূক্তকরণ; এবং
৮. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সকল কার্যক্রম ডিজিটাইজেশনের লক্ষ্যে ইআরপি সিস্টেম পূর্ণাঙ্গরূপে চালু।

## সেকশন ২

## ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ক্রম | চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত ২০১৬-১৭ | প্রকৃত ২০১৭-১৮* | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | সংশ্লিষ্ট দেশের আইন-কানন, ভাষা-সংস্কৃতি, অধিকার-কর্তব্য ইত্যাদি সম্পর্কে ব্রিফিং প্রদানের ফলে কর্মী যে কোন ধরণের সমস্যা নিজেই সমাধান করতে পারে। | বিদেশগামী কর্মীদের প্রদত্ত প্রাক-বহির্গমন ব্রিফিং। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | কল্যাণ বোর্ড ও বিএমইটি | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |
| ২ | প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে কর্মীদের সহায়তা প্রদানের ফলে তাঁরা কোন প্রকার ঝামেলা ছাড়া বিমানবন্দরের আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে পারে। | বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে বিদেশগামী কর্মীদের প্রদত্ত সহায়তা। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | কল্যাণ বোর্ড ও প্রবাসী কল্যাণ ডেস্ক | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |
| ৩ | মৃতদেহ দেশে আনয়নে সহায়তার ফলে শোকাহত পরিবারগুলি হয়রানি হতে মুক্তি ও মানসিক স্বস্তি পায়। | প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়নে প্রদত্ত সহায়তা। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | কল্যাণ বোর্ড ও দূতাবাস | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |
| ৪ | বিমানবন্দর হতে আগত মৃতদেহ প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক গ্রহণপূর্বক পরিবারের নিকট হস্তান্তরের ফলে শোকগ্রস্থ পরিবারগুলি বিমানবন্দরে আনুষ্ঠানিকতার ঝামেলা ও হয়রানি হতে মুক্তি পায়। | প্রবাসে মৃতবরণকারী কর্মীর মৃতদেহ বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক হস্তান্তরে প্রদত্ত সহায়তা। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | কল্যাণ বোর্ড ও প্রবাসী কল্যাণ ডেস্ক | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |
| ৫ | মৃতদেহ পরিবারের নিকট হস্তান্তরের সময় মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ আর্থিক সাহায্যের চেক প্রদানের ফলে অস্বচ্ছল কর্মীর পরিবারগুলি প্রয়োজনীয় খরচ বহন করতে সক্ষম হয়। | মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ প্রদত্ত আর্থিক সাহায্য। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | কল্যাণ বোর্ড ও প্রবাসী কল্যাণ ডেস্ক | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |
| ৬ | মৃতের পরিবারের সদস্যদের এক কালীন আর্থিক অনুদান প্রদানের ফলে হতভাগ্য পরিবারগুলি স্বচ্ছলতার সাথে জীবন যাপন করতে পারে। | মৃতের পরিবারকে প্রদত্ত আর্থিক অনুদান। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | কল্যাণ বোর্ড ও বিএমইটি | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |
| ৭ | দূতাবাসের সহযোগিতায় প্রবাসে মৃত কর্মীর নিয়োগকর্তার নিকট হতে ক্ষতিপূরণ এর অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ এবং তাঁর উত্তরাধিকারীদের মধ্যে বিতরণের ফলে তাঁরা হয়রানি, প্রতারণা ও দূর্ভোগ হতে রক্ষা পায়। এতে করে তাঁদের সময় ও আর্থিক সাশ্রয় হয়। | প্রবাসে মৃত কর্মীর পরিবারের নিকট আদায়কৃত প্রদত্ত ক্ষতিপূরণের অর্থ বিতরণ। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | দূতাবাস, কল্যাণ বোর্ড ও বিএমইটি | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |
| ৮ | প্রবাসে আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীদের দেশে আনয়ন, হাসপাতালে ভর্তি এবং চিকিৎসা সহায়তা প্রদানের ফলে তাঁদের স্বাভাবিক জীবনে ফিরে আসতে সহায়ক হয়। | প্রবাসে আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীকে দেশে আনয়ন, হাসপাতালে ভর্তি এবং প্রদত্ত চিকিৎসা সহায়তা। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | দূতাবাস ও কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |
| ৯ | প্রবাসে নির্যাতিত নারী কর্মীদের দূতাবাসের মাধ্যমে তাৎক্ষণিকভাবে উদ্ধার করে সেইফ হোমে আশ্রয় প্রদানের ফলে তাঁরা বিপদ হতে রক্ষা পায় । | প্রবাসে উদ্ধারকৃত নির্যাতিত নারী কর্মীদের সেইফ হোমে আশ্রয় দানে প্রদত্ত সহায়তা। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | কল্যাণ বোর্ড ও দূতাবাস | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |
| ১০ | প্রবাসী কর্মীদের বিভিন্ন সমস্যা সমাধানে দূতাবাসের মাধ্যমে এবং দেশে তাঁর পরিবারকে স্থানীয় প্রশাসনের মাধ্যমে আইনগত সহায়তা প্রদান করা হয়। এর ফলে তাঁদের বিভিন্ন সমস্যা সহজেই সমাধান করা সম্ভব হয়। | প্রবাসে কর্মরত কর্মী ও দেশে তাঁদের পরিবারকে প্রদত্ত আইনগত সহায়তা। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | কল্যাণ বোর্ড, দূতাবাস এবং স্থানীয় প্রশাসন | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |
| ১১ | প্রবাসবন্ধু কল সেন্টার এর নম্বারে ফোন করে বিদেশে কর্মরত কর্মী এবং দেশে তাদের পরিবারের সদস্যগণ ঘরে বসেই সমস্যা সমাধান করতে পারে। এর ফলে তারা হয়রানি হতে রক্ষা এবং সময়, ভিজিট ও আর্থিক সাশ্রয় হয়। | কল সেন্টারের মাধ্যমে প্রদত্ত সমস্যা সমাধান। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | কল্যাণ বোর্ড ও দূতাবাস | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |
| ১২ | শিক্ষাবৃত্তি প্রদানের ফলে কর্মীর মেধাবী সন্তানরা লেখাপড়ায় আরো উৎসাহিত হয় এবং উচ্চ শিক্ষার পথ সুগম হয়। | প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের প্রদত্ত শিক্ষাবৃত্তি প্রদান। | সংখ্যা | ২৪১২ | ৩০৬১ | ৩১০০ | ৩১৫০ | ৩২০০ | কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |
| ১৩ | প্রবাসী কর্মীর সন্তানদের দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা প্রদানের ফলে তারা সহজে মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে পারে। | প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে প্রদত্ত সহায়তা। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৪ | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শিক্ষার্থীদের নিকট বৃত্তির অর্থ বিতরণের ফলে তাঁদেরকে চেক গ্রহণের জন্য জেলা অফিস এবং টাকা উত্তোলনের জন্য ব্যাংকে যেতে হয় না। এর ফলে তাদের ভিজিট, সময় ও অর্থের সাশ্রয় হয় এবং হয়রানি মুক্তভাবে টাকা উত্তোলন করতে পারে। | অনলাইনের মাধ্যমে বৃত্তির আবেদনপত্র গ্রহণ। | সংখ্যা | | ১২৩২ | ১২৫০ | ১২৭৫ | ১৩০০ | কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট শাখা হতে প্রাপ্ত তথ্য |
| ১৫ | অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীর নিকট হতে বৃত্তির আবেদনপত্র গ্রহণের ফলে তারা ঘরে বসেই বৃত্তির জন্য আবেদন করতে পারবে। এর ফলে তাদের ভিজিট, সময় ও অর্থের সাশ্রয় হয় এবং হয়রানি লাঘব হয়। | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শিক্ষাবৃত্তির প্রদত্ত অর্থ বিতরণ। | সংখ্যা | - | - | ৫০০ | ৫৫০ | ৬০০ | কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড সংশ্লিষ্ট শাখা হতে প্রাপ্ত তথ্য |
| ১৬ | অনিবন্ধিত প্রবাসী কর্মী ও অনাবাসি বাংলাদেশিদের (ডায়াসপোরা) কল্যাণ বোর্ডের সদস্যভুক্ত করার ফলে তারা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রদত্ত সকল ধরণের সুযোগ-সুবিধা গ্রহণ করতে পারে। | অনিবন্ধিত প্রবাসী কর্মী ও অনাবাসি বাংলাদেশিদের কল্যাণ বোর্ডের সদস্যভুক্তকরণ। | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | দূতাবাস ও কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট শাখা হতে প্রাপ্ত তথ্য |
| ১৭ | বোর্ডের সকল কার্যক্রম ইআরপি সিস্টেমের আনার ফলে একদিকে যেমন দ্রুত সেবা প্রদান করা সম্ভব হবে। অন্যদিকে ভবিষ্যতের জন্য তথ্য ভান্ডার গড়ে তোলা সম্ভব হবে। | বোর্ডের সকল কার্যক্রম ডিজিটাইজেশনকরণে ইআরপি সিস্টেম পূর্ণাঙ্গরূপে চালু। | % | - | ৫০ | ৬০ | ৭০ | ৮০ | কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট শাখা হতে প্রাপ্ত তথ্য |

# সেকশন-৩
## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY ২০১৮-১৯) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারকে সহায়তা প্রদান; | ৪৫ | [১.১] বিদেশগামী কর্মীদের সহায়তা প্রদান। | ১.১.১ বিদেশগামী কর্মীদের প্রদত্ত প্রাক-বহির্গমন ব্রিফিং। | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |
| | | | ১.১.২ বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের প্রদত্ত সহায়তা। | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |
| | | [১.২] প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন, পরিবারকে মৃতদেহ পরিবহন ও দাফন খরচ এবং আর্থিক অনুদান প্রদান। | ১.২.১ প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়নে প্রদত্ত সহায়তা। | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |
| | | | ১.২.২ প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক হস্তান্তরে প্রদত্ত সহায়তা। | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |
| | | | ১.২.৩ মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ প্রদত্ত আর্থিক সাহায্য। | % | ৬ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |
| | | | ১.২.৪ মৃতের পরিবারকে প্রদত্ত আর্থিক অনুদান। | % | ১০ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |
| | | [১.৩] মৃত কর্মীর ক্ষতিপূরণ আদায়ে সহায়তা প্রদান এবং আদায়কৃত অর্থ বিতরণ। | ১.৩.১ প্রবাসে মৃত কর্মীর পরিবারের নিকট আদায়কৃত প্রদত্ত ক্ষতিপূরণের অর্থ বিতরণ। | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |
| | | [১.৪] প্রবাসে আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীদের দেশে ফেরত আনয়ন, হাসপাতালে ভর্তি এবং চিকিৎসার্থে আর্থিক সাহায্য প্রদান। | ১.৪.১ প্রবাসে আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীকে দেশে আনয়ন, হাসপাতালে ভর্তি এবং প্রদত্ত চিকিৎসা সহায়তা। | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |
| | | [১.৫] প্রবাসে নির্যাতিত নারী কর্মীদের সহায়তা প্রদান। | ১.৫.১ প্রবাসে উদ্ধারকৃত নির্যাতিত নারী কর্মীদের সেইফ হোমে আশ্রয় দানে প্রদত্ত সহায়তা। | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |
| | | [১.৬] প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারকে আইনগত সহায়তা প্রদান করা। | ১.৬.১ প্রবাসী কর্মী ও দেশে তাঁদের পরিবারকে প্রদত্ত আইনগত সহায়তা। | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [২] প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের কল্যাণে দোরগোড়ায় সেবা প্রদান; | ৩ | [২.১] প্রবাসে কর্মরত কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের প্রবাসবন্ধু কল সেন্টার এর মাধ্যমে প্রাপ্ত সমস্যা সমাধান। | ২.১.১ কল সেন্টারের মাধ্যমে প্রদত্ত সমস্যা সমাধান। | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |
| [৩] প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা অর্জনে উৎসাহ প্রদানের সহায়তা করা; | ২০ | [৩.১] প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা অর্জনে উৎসাহ প্রদানের লক্ষ্যে শিক্ষাবৃত্তি প্রদান। | [৩.১.১] প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের প্রদত্ত শিক্ষাবৃত্তি প্রদান। | সংখ্যা | ১০ | ২৪১২ | ৩০৬১ | ৩১০০ | ২৭৯০ | ২৪৮০ | ২১৭০ | ১৮৬০ | ৩১৫০ | ৩২০০ |
| | | [৩.২] প্রবাসী কর্মীর সন্তানদের দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা প্রদান। | [৩.২.১] প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে প্রদত্ত সহায়তা। | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |
| | | [৩.৩] অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীর নিকট হতে বৃত্তির আবেদনপত্র গ্রহণ। | [৩.৩.১] অনলাইনের মাধ্যমে বৃত্তির আবেদনপত্র গ্রহণ। | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |
| | | [৩.৪] মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শিক্ষার্থীদের নিকট বৃত্তির অর্থ বিতরণ। | [৩.৪.১] মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শিক্ষাবৃত্তির প্রদত্ত অর্থ বিতরণ। | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | – | – | – | – | ১০০ | ১০০ |
| [৪] অনিবন্ধিত প্রবাসী কর্মী ও অনাবাসি বাংলাদেশিদের (ডায়াসপোরা) কল্যাণ সাধনে বোর্ডের ডাটাবেইজে সদস্য হিসেবে অন্তর্ভুক্তকরণ | ৩ | [৪.১] অনিবন্ধিত প্রবাসী কর্মী ও অনাবাসি বাংলাদেশিদের কল্যাণ বোর্ডের সদস্যর্ভুক্ত করে বোর্ডের সেবার আওতায় আনয়ন। | [৪.১.১] অনিবন্ধিত প্রবাসী কর্মী ও অনাবাসি বাংলাদেশিদের কল্যাণ বোর্ডের সদস্যভুক্তকরণ। | % | ৩ | – | – | ১০০ | - | - | - | - | ১০০ | ১০০ |
| [৫] ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম ডিজিটাইজেশন | ৪ | [৫.১] বোর্ডের সকল কার্যক্রম ডিজিটাইজেশনের লক্ষ্যে ইআরপি সিস্টেম পূর্ণাঙ্গরূপে চালু করা। | [৫.১.১] বোর্ডের সকল কার্যক্রম ডিজিটাইজেশনকরণে ইআরপি সিস্টেম পূর্ণাঙ্গরূপে চালু। | % | ৪ | - | ৫০ | ৬০ | - | - | - | - | ৭০ | ৮০ |

আমি, মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

**স্বাক্ষরিত :**

..................................... ২৪/৮/১৮ইং

মহাপরিচালক তারিখ

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

..................................... ২২/৮/১৮

সচিব তারিখ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ

| ক্রম | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১. | বিএমইটি | ব্যুরো অব ম্যানপাওয়ার, এমপ্লয়মেন্ট এন্ড ট্রেনিং (জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো) |
| ২. | পিআরএল | পোস্ট রিটায়ারমেন্ট লীভ |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের সহায়তা প্রদান | ১.১.১ বিদেশগামী কর্মীদের প্রদত্ত প্রাক- বহির্গমন ব্রিফিং | বিদেশে গমনের পূর্বে কর্মীদের সংশ্লিষ্ট দেশের আইন-কানুন, রীতি-নীতি, ভাষা-অধিকার-কর্তব্য ইত্যাদি সম্পর্কে প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদান করা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও বিএমইটি | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন এবং বিএমইটি | |
| | | ১.১.২ বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের প্রদত্ত সহায়তা | বিদেশ গমনেচ্ছু কর্মী এবং প্রত্যাগত কর্মীদের বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে তাৎক্ষণিক প্রয়োজনে সহায়তা প্রদান করা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন ও প্রবাসী কল্যাণ ডেস্ক হতে প্রাপ্ত তথ্য | |
| ২ | [১.২] প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন, পরিবারকে মৃতদেহ পরিবহন ও দাফন খরচ এবং আর্থিক অনুদান প্রদান | ১.২.১ প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ আনয়নে প্রদত্ত সহায়তা | প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়নের নিমিত্ত পরিবারের মতামত গ্রহণ করে দূতাবাসকে অবহিতকরণ এবং দূতাবাসের সহযোগিতায় দেশে আনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও দূতাবাস | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন | |
| | | ১.২.২ প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক হস্তান্তরে প্রদত্ত সহায়তা | প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ বিমানবন্দরের আনুষ্ঠানিকতা সম্পন্ন করে প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক গ্রহণপূর্বক পরিবারের নিকট হস্তান্তর করা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও প্রবাসী কল্যাণ ডেস্ক | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন ও প্রবাসী কল্যাণ ডেস্ক হতে প্রাপ্ত তথ্য | |
| | | ১.২.৩ মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ প্রদত্ত আর্থিক সাহায্য | বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কের কর্তৃক মৃতদেহ পরিবারের নিকট হস্তান্তরের সময় মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ তাৎক্ষণিকভাবে ৩৫ হাজার টাকার আর্থিক সাহায্যের চেক প্রদান করা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও প্রবাসী কল্যাণ ডেস্ক | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন ও প্রবাসী কল্যাণ ডেস্ক হতে প্রাপ্ত তথ্য | |
| | | ১.২.৪ মৃতের পরিবারকে প্রদত্ত আর্থিক অনুদান | প্রবাসে মৃত কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে ০৩ লক্ষ টাকা করে আর্থিক অনুদান প্রদান করা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন ও প্রবাসী কল্যাণ ডেস্ক হতে প্রাপ্ত তথ্য | |
| ৩ | [১.৩] মৃত কর্মীর ক্ষতিপূরণ আদায়ে সহায়তা প্রদান ও আদায়কৃত অর্থ বিতরণ | ১.৩.১ প্রবাসে মৃত কর্মীর পরিবারের নিকট আদায়কৃত প্রদত্ত ক্ষতিপূরণের অর্থ বিতরণ | দূতাবাসের সহায়তায় প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর অনুকূলে ক্ষতিপূরণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হয় এবং আদায়কৃত উক্ত অর্থ তাদের আইনগত ওয়ারিশদের মধ্যে যথাযথভাবে বিতরণ করা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও দূতাবাস | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন | |
| ৪ | [১.৪] প্রবাসে আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীদের দেশে ফেরত আনয়ন, হাসপাতালে ভর্তি এবং চিকিৎসার্থে আর্থিক সহায়তা প্রদান | ১.৪.১ প্রবাসে আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীদের দেশে ফেরত আনয়ন, হাসপাকালে ভর্তি ও প্রদত্ত চিকিৎসা সহায়তা | বিদেশে আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীদের দেশে আনয়ন, হাসপাতালে ভর্তি এবং চিকিৎসার্থে ০১ লক্ষ টাকা আর্থিক সাহায্য প্রদান করা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন | |
| ৫ | [১.৫] প্রবাসে নির্যাতিত নারী কর্মীদের সহায়তা প্রদান | ১.৫.১ প্রবাসে উদ্ধারকৃত নির্যাতিত নারী কর্মীদের সেইফ হোমে আশ্রয় দানে প্রদত্ত সহায়তা | প্রবাসে বিপদগ্রস্থ নারী কর্মীদের দূতাবাসের সহায়তায় তাৎক্ষণিকভাবে উদ্ধার পূর্বক আশ্রয় দানের ব্যবস্থা করা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও দূতাবাস | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন ও দূতাবাস হতে প্রাপ্ত তথ্য | |
| ৬ | [১.৬] প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারকে আইনগত সহায়তা প্রদান করা | ১.৬.১ প্রবাসী কর্মী ও দেশে তাঁদের পরিবারকে প্রদত্ত আইনগত সহায়তা | প্রবাসে কর্মরত যে সকল কর্মী বিভিন্ন ধরণের সমস্যায় পড়ে সে সকল কর্মীদের দূতাবাসের মাধ্যমে আইনগত সহায়তা প্রদান করা হয়। এছাড়া দেশে তাঁর পরিবারকে স্থানীয় প্রশাসনের মাধ্যমে আইন সহায়তা দেয়া হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, দূতাবাস এবং স্থানীয় প্রশাসন | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন ও দূতাবাস | |
| ৭ | [২.১] প্রবাসে কর্মরত কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের প্রবাসবন্ধু কল সেন্টার এর মাধ্যমে প্রাপ্ত সমস্যা সমাধান | ২.১.১ কল সেন্টারের মাধ্যমে প্রদত্ত সমস্যা সমাধান | বিদেশে কর্মরত কর্মী এবং দেশে তাদের পরিবারের সদস্যগণ কল সেন্টারের নির্দিষ্ট নম্বরে ফোন করে ঘরে বসেই সমস্যা সমাধান করতে পারেন। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও দূতাবাস | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন ও দূতাবাস | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৮ | [৩.১] প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা অর্জনে উৎসাহ প্রদানের লক্ষ্যে শিক্ষাবৃত্তি প্রদান | [৩.১.১] প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের প্রদত্ত শিক্ষাবৃত্তি প্রদান | প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা অর্জনে সহায়তার লক্ষ্যে পিইসি, জেএসসি, এসএসসি ও এইচএসসি ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তি প্রদান করা হয় | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন | |
| ৯ | [৩.২] প্রবাসী কর্মীর সন্তানদের দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা প্রদান করা হয় | [৩.২.১] প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে প্রদত্ত সহায়তা | প্রবাসী কর্মীর সন্তানদের দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে বোর্ড হতে সহায়তা প্রদান করা হয় | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন | |
| ১০ | [৩.৩] অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীর নিকট হতে বৃত্তির আবেদনপত্র গ্রহণ | [৩.৩.১] অনলাইনের মাধ্যমে বৃত্তির আবেদনপত্র গ্রহণ | অনলাইনের মাধ্যমে বৃত্তির আবেদন গ্রহণ করা হলে সময় সাশ্রয় হবে এবং হয়রানি কমবে। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর প্রশাসনিক সিদ্ধান্ত | |
| ১১ | [৩.৪] মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শিক্ষার্থীদের নিকট বৃত্তির অর্থ বিতরণ | [৩.৪.১] মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বৃত্তির প্রদত্ত অর্থ বিতরণ | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শিক্ষার্থীদের নিকট দ্রুত ও হয়রানি মুক্ত ভাবে বৃত্তির অর্থ পৌঁছানোর লক্ষ্যে তাদের মোবাইলে বৃত্তির অর্থ প্রেরণ করা হয় | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রাপ্ত তথ্য | |
| ১২ | [৪.১] অনিবন্ধিত প্রবাসী কর্মী ও অনাবাসি বাংলাদেশিদের (ডায়াসপোরা) কল্যাণ বোর্ডের সদস্যভুক্ত করে বোর্ডের সেবার আওতায় আনায়ন | [৪.১.১] অনিবন্ধিত প্রবাসী কর্মী ও অনাবাসি বাংলাদেশিদের (ডায়াসপোরা) কল্যাণ বোর্ডের সদস্যভুক্তকরণ | অনিবন্ধিত প্রবাসী কর্মী এবং অনাবাসী বাংলাদেশিদের কল্যাণ বোর্ডের সদস্য হিসেবে অন্তর্ভূক্তির ফলে তাঁরা বোর্ডের সকল সুযোগ-সুবিধা গ্রহণ করতে পারবে। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও দূতাবাস | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন | |
| ১৩ | [৫.১] বোর্ডের সকল কার্যক্রম ডিজিটাইজেশনের লক্ষ্যে ইআরপি সিস্টেম পূর্ণাঙ্গরূপে চালু করা | [৫.১.১] বোর্ডের সকল কার্যক্রম ডিজিটাইজেশন করলে ইআরপি সিস্টেম পূর্ণাঙ্গরূপে চালু | ডিজিটাল পদ্ধিতিতে তথ্য সংরক্ষণ এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য ইআরপি সিষ্টেম পূর্ণাঙ্গরূপে চালু করা। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বার্ষিক প্রতিবেদন | |

# সংযোজনী-৩

## অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কাঁযক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস | ১.১ প্রবাসে মৃত কর্মীর পরিবারের সদস্যদের আর্থিক অনুদান প্রদানের নিমিত্ত কাগজপত্রাদির সঠিকতা যাচাই ও তদন্ত প্রতিবেদন; | ১.১.১ মৃতের পরিবারকে প্রদত্ত আর্থিক অনুদান | দ্রুততম সময়ে তদন্ত করে কাগজপত্রাদি প্রেরণ | উক্ত কাজের জন্য দায়িত্ব প্রাপ্ত | যথাসময়ে তদন্ত প্রতিবেদন প্রেরণ করা না হলে কর্মীর পরিবার আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হবে। |
| | | ১.২ প্রবাসী কর্মীদের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির চেক বিতরণ (২০১৭ সালের পুর্বে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের) এবং নতুন শিক্ষার্থীদের মোবাইল নম্বর যাচাই | ১.১.২ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের প্রদত্ত শিক্ষাবৃত্তি প্রদান | নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষার্থীদের অধ্যয়নের অগ্রগতির তথ্য ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডে প্রেরণ, চেক প্রাপ্তির পর বৃত্তিপ্রাপ্তদের মধ্যে যথাসময়ে বিতরণ এবং নতুন বৃত্তিপ্রাপ্তদের মোবাইল নম্বর যাচাই। | উক্ত কাজের জন্য দায়িত্ব প্রাপ্ত | নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষার্থীদের অধ্যয়নের অগ্রগতির তথ্য কল্যাণ বোর্ডে প্রেরণ, চেক প্রাপ্তির পর বৃত্তিপ্রাপ্তদের মধ্যে যথাসময়ে বিতরণ এবং নতুন বৃত্তিপ্রাপ্তদের মোবাইল নম্বর যাচাই করা না হলে শিক্ষার্থীর লেখাপড়ায় বিঘ্ন ঘটে। |
| ২ | বিভিন্ন দূতাবাস | ২.১ ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইন্স্যুরেন্স/সার্ভিস বেনিফিট এর অর্থ আদায় | ২.১.১ প্রবাসে মৃত কর্মীর পরিবারের নিকট আদায়কৃত ক্ষতিপূরণ / বকেয়া বেতন / ইন্স্যুরেন্স / সার্ভিস বেনিফিট এর অর্থ বিতরণ | দ্রুততম সময়ের মধ্যে ক্ষতিপূরণ / বকেয়া বেতন/ইন্স্যুরেন্স/সার্ভিস বেনিফিট এর অর্থ আদায় করে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডে প্রেরণ | উক্ত কাজের জন্য দায়িত্ব প্রাপ্ত | দ্রুততম সময়ের মধ্যে ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইন্স্যুরেন্স/ সার্ভিস বেনিফিট এর অর্থ আদায় করে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডে প্রেরণ করা না হলে কর্মীর পরিবার আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ হবে। |

# ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯

(মোট নম্বর- ২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | – | – |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | ৬০ | – | – | – | – |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | – | – |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | – | – |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রম উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | – | – | – |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | – | – |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | – | – |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।
** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।
*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গবর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।
**** মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।